# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৮২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. তৃতীয় অনুচ্ছেদ - জামা‘আত ও তার ফযীলত সম্পর্কে

আরবী

وَعَنْ بِلَالِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ أَبِيهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تَمْنَعُوا النِّسَاءَ حُظُوظَهُنَّ مِنَ الْمَسَاجِدِ إِذَا اسْتَأْذَنَّكُمْ» . فَقَالَ بِلَالٌ: وَاللَّهِ لَنَمْنَعُهُنَّ. فَقَالَ لَهُ عَبْدُ اللَّهِ: أَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَتقول أَنْت لنمنعهن

বাংলা

১০৮২-[৩১] বিলাল ইবনু ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি তার পিতা থেকে বর্ণনা করেছেন। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ মহিলারা মসজিদে যাওয়ার জন্যে তোমাদের নিকট অনুমতি প্রার্থনা করলে, তোমরা মসজিদে গমন থেকে বাধা দিয়ে তাদের অংশ থেকে বঞ্চিত করো না। বিলাল (রহঃ) বললেন, আল্লাহর শপথ! অবশ্যই আমি তাদেরকে নিষেধ করব। ’আবদুল্লাহ (রাঃ) বিলালকে বললেন, আমি বলছি, ’’রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন’’, আর তুমি বলছ, তুমি অবশ্যই তাদের বাধা দিবে।[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৪৪২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَا تَمْنَعُوا النِّسَاءَ حُظُوظَهُنَّ مِنَ الْمَسَاجِدِ إِذَا اسْتَأْذَنَّكُمْ) ‘‘মহিলারা যদি তোমাদের নিকট মসজিদে যাওয়ার অনুমতি চায় তাহলে তাদেরকে মসজিদের যাওয়ার সাওয়াব অর্জনে তাদেরকে বারণ করবে না।’’

(وَتَقُوْلُ أَنْتَ لَنَمْنَعُهُنَّ) ‘‘তুমি বলছ অবশ্যই আমি তাদেরকে বারণ করব’’। অর্থাৎ আমি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে তার বক্তব্য উপস্থাপন করছি। অথচ তুমি তার মুকাবিলায় তোমার অভিমত প্রকাশ করছ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55642

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন